



গুভামি দিয়ে ভোটকেন্দ্র দখলের যুগ শেষ: মামুনুল হক



খেলাফত মজলিসের মহাসচিব মামুনুল হক। ছবি: সংগৃহীত

বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মওলানা মামুনুল হক বলেছেন, সন্ত্রাস ও দখলদারির মাধ্যমে ভোটের ফল পাল্টানোর সুযোগ আর থাকবে না। কেউ যদি ব্যালটের রায় বদলানোর চেষ্টা করে, তার বিরুদ্ধে কঠোর প্রতিরোধ গড়ে তোলা হবে বলে তিনি সতর্ক করেন।

বৃহস্পতিবার বিকেলে নেত্রকোণার দুর্গাপুরে সুসং সরকারি কলেজ মাঠে ১১ দলীয় ঐক্যজোটের নির্বাচনী জনসভায় তিনি এসব কথা বলেন। তাঁর বক্তব্যে উঠে আসে, দীর্ঘ সময় ধরে শাসনের নামে মানুষের অধিকার খর্ব করা হয়েছে এবং ন্যায়বিচারের প্রত্যাশা এখনো পূরণ হয়নি।

তিনি আসন্ন নির্বাচনে ভোটারদের অংশগ্রহণের আহ্বান জানিয়ে ১১ দলীয় জোটের প্রার্থীদের বিজয় নিশ্চিত করার কথা বলেন। একই সঙ্গে গণভোটে 'হ্যাঁ' ভোট দেওয়ারও আহ্বান জানান।

সমাবেশে নেত্রকোণা-১ আসনের প্রার্থী গোলাম রব্বানীসহ স্থানীয় নেতারা বক্তব্য দেন।

LENS ASIA